

শোকবার্তা

তারিখঃ ১৭ জুলাই ২০২৪



আমরা অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী ও বাংলাদেশ মানবাধিকার সংস্থার চেয়ারপার্সন এবং ব্লাস্ট ট্রাস্টি বোর্ডের সাবেক সম্মানিত সদস্য এডভোকেট সিগমা হুদা, বুধবার (১৭ জুলাই) রাত ৮টায় ঢাকার ইউনাইটেড হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর এই অকাল মৃত্যুতে ব্লাস্ট পরিবার গভীরভাবে শোকাহত।

এডভোকেট সিগমা হুদা নারী অধিকার রক্ষায় অগ্রণী ভূমিকায় ছিলেন। তিনি বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতি (বিএনডব্লিউএলএ) ও বাংলাদেশ মানবাধিকার বাস্তবায়ন সংস্থা (বিএসইএইচআর) এর প্রতিষ্ঠাতা সভাপতি এবং আইন ও উন্নয়ন ইনস্টিটিউটের (আইএলডি) প্রতিষ্ঠাতা ও সচিব ছিলেন। তিনি ব্লাস্ট ট্রাস্টি বোর্ডের সদস্য হিসাবে ১৯৯৪-২০০৪ পর্যন্ত দায়িত্ব পালন করেন। তিনি ২০০৭ সালে মানবাধিকার সম্মুন্নত রাখতে এবং অন্যায়ে বিরুদ্ধে লড়াই করার জন্য তার জীবন উৎসর্গ করার জন্য 'পোপ জন পল II ওয়েলস্প্রিং অফ ফ্রিডম' অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছিলেন। তাছাড়াও তিনি মানব পাচার সংক্রান্ত জাতিসংঘের বিশেষ রিপোর্টার হিসেবে দায়িত্ব পালন করছিলেন।

আমরা মহিয়সী এই নারীর বিদেহী আত্মার শান্তি কামনা করছি এবং শোকসন্তপ্ত পরিবারকে আন্তরিক সমবেদনা জানাচ্ছি।

ব্লাস্ট পরিবারের পক্ষ থেকে,
এস এম রেজাউল করিম
আইন উপদেষ্টা, ব্লাস্ট